



বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: বিইউ রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি(শিক্ষক)/৪২৭/১০৮৮

তারিখ: ২রা ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৪ই ফেব্রুয়ারী ২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	নাম ও পদবী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অধ্যাপক: গ্রেড-৩, জাতীয় বেতন স্কেল ২০১৫ ০৫টি স্থায়ী পদ গণিত বিভাগ-(১), সমাজবিজ্ঞান বিভাগ-(১), মার্কেটিং বিভাগ-(১), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ-(১), লোক প্রশাসন বিভাগ (১)	অধ্যাপক পদে প্রার্থীদের অবশ্যই পন্ডিত হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা জার্নালে প্রার্থীদের প্রকাশিত অন্তত ১২ (বার) টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় অবদানও যোগ্যতা হিসেবে গন্য করা হবে।
২.	সহযোগী অধ্যাপক: গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল ২০১৫ ২০টি স্থায়ী পদ ইংরেজি বিভাগ (২) গণিত বিভাগ (১), অর্থনীতি বিভাগ (২), মার্কেটিং বিভাগ (১), ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (১), মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ(১), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (১), বাংলা বিভাগ (১), লোক প্রশাসন বিভাগ (২), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ (১), কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (১), আইন বিভাগ (১), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১), রসায়ন বিভাগ (১), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (১), ভূ-তত্ত্ব ও খণিবিদ্যা বিভাগ (১), পদার্থ বিজ্ঞান বিভাগ (১)	সহযোগী অধ্যাপক পদে প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই পিএচডি অথবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। স্বীকৃত বিশ্ববিদ্যালয় কিংবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীদের কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা জার্নালে তাদের প্রকাশিত অন্তত ০৫টি মৌলিক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় অবদানও যোগ্যতা হিসেবে গন্য করা হবে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.bu.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল, কিংবা ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লোক সার্কাস (৩য় তলা), কলাবাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে) থেকে ফরম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপকের জন্য ১১(এগার) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ২৪/০২/২০১৯ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ফটোকপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের অনুলিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে “ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়”, সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড ৩-৪ এর জন্য ১৫০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।

স্বা-
ড. মোঃ হাসিনুর রহমান
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়